## বার্ষিক ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর আওতায়

# ইনোভেশন শোকেজিং




**বাংলাদেশ ফিল্ম আর্কাইভ**
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
ফোন: +৮৮-০২-৪১০২৪৬৩৬, ফ্যাক্স:+৮৮ ০২ ৫৮১৫৭৯৮৩
Website: www.bfa.gov.bd, E-mail: bfarchivebd@gmail.com, dg@bfa.gov.bd

# বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

বার্ষিক ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর সূচক ৩.১ এর ৩.১.১ অনুযায়ী আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যুনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত কার্যক্রমের আওতায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেমিনার হলে ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখ ইনোভেশন শোকেসিং আয়োজন করা হয়। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের আওতাধীন অফিস না থাকায় দাপ্তরিক শাখাভিত্তিক ইতঃপূর্বে সম্পাদিত ও প্রস্তাবিত উদ্ভাবনী ধারনাসমূহ শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শন করা হয়।

'ইনোভেশন শোকেসিং-২০২৩'-এ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের দাপ্তরিক শাখাভিত্তিক বিভাজন ও উপস্থাপনা ছিল নিম্নরূপ:

| ক্রমিক নং | শাখা | উপস্থাপিত ধারনার সংখ্যা | উপস্থাপিত ধারনা |
|---|---|---|---|
| ১. | প্রশাসন ও হিসাব শাখা | ০৬টি | এপিএএমএস, সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, আইবাস++, অডিট ম্যানেজমেন্ট সিস্টেম, পে ফিক্সেশন |
| ২. | লাইব্রেরি শাখা | ০২টি | ডিজিটাল বুকসেলফ ও লাইব্রেরি সর্ম্পকিত তথ্য |
| ৩. | ফিল্ম শাখা | ০২টি | ফিল্ম ম্যানেজমেন্ট ও হল ম্যানেজমেন্ট সিস্টেম (প্রস্তাবিত) |
| ৪. | কারিগরী শাখা | ০১টি | বাংলাদেশের মুক্তিপ্রাপ্ত (১৯৫৬-২০২৩) চলচ্চিত্রের অনলাইন ডাটাবেজ |

ইনোভেশন শোকেসিং-২০২৩' এ অতিথি এবং সম্মানিত বিচারক হিসেবে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান তথ্য অফিসার জনাব মো. শাহেনুর মিয়া, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক জনাব ফায়জুল হক, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব কাজী মোশতাক জহির, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্মসচিব মোসলেমা নাজনীন ও উপসচিব শারকে চামান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. জসীম উদ্দিন। অনুষ্ঠান তত্বাবধানে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প পরিচালক ড. মো. মোফাকখারুল ইকবাল এবং সঞ্চালনায় পরিচালক ফারহানা রহমান ছিলেন। কারিগরী সহায়তায় ছিলেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কারিগরী শাখা।

চলমান পাতা-০২

### ➢ ইতঃপূর্বে সম্পাদিত

উদ্ভাবন কার্যক্রমের আওতায় ২০১৬-২০২৩ পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিম্নবর্ণিত মোট দশটি উদ্ভাবনী কার্যক্রম সম্পন্ন করেছেঃ

১. লাইব্রেরি সম্পর্কিত তথ্য লিংকঃ http://library.bfa.gov.bd;
২. গেটপাশ সিস্টেম ;
৩. ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম লিংকঃ http://ofc.bfa.gov.bd;
৪. অনলাইন ফটোগ্যালারি ও পেমেন্ট সিস্টেম লিংকঃ http://photo.bfa.gov.bd;
৫. ডিজিটাল বুকসেলফ ও পেমেন্ট সিস্টেম লিংকঃ http://book.bfa.gov.bd;
৬. এলইডি ডিসপ্লে স্থাপন;
৭. বাংলাদেশ ফিল্ম আর্কাইভ অ্যাপস;
৮. ফিল্ম ডোনেশন বক্স;
৯. লাইব্রেরি বুক সেলফে কিউআর কোড স্থাপন;
১০. একটি সাধারণ অনলাইন আবেদন ফরম।

**২০২৩-২৪** অর্থবছরে একটি সেবা সহজীকরণের আওতায় 'বাংলাদেশের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের ডাটাবেজ (১৯৫৬-২০০৩) বাস্তবায়ন করা হবে।





চিত্র: ইনোভেশন শোকেসিং-২০২৩' উদ্বোধন করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. জসীম উদ্দিন। এসময় অতিথি এবং সম্মানিত বিচারক হিসেবে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান তথ্য অফিসার জনাব মো. শাহেনুর মিয়া, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক জনাব ফায়জুল হক, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব কাজী মোশতাক জহির, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্মসচিব মোসলেমা নাজনীন ও উপ সচিব শারকে চামান খান।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এর ইনোভেশন শোকেসিং ২০২৩ এ অংশগ্রহণকৃত শাখাভিত্তিক উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনীর তালিকা ও বিস্তারিত:

## ➢ ১। প্রশাসন ও হিসাব শাখা

'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয় 'সরকারী মন্ত্রণালয়/অধিদপ্তর/ দপ্তর পর্যায়ে গৃহীত সকল ডিজিটাল কার্যক্রম উদ্যোগ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ গ্রহণ পূর্বক সেই মোতাবেক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে।




চিত্র: প্রশাসন ও হিসাব শাখার উপস্থাপিত চিত্র।

| ক্রমিক নং | উদ্যোগের নাম | TVCQ পরিবীক্ষণ |
|---|---|---|
| ১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APAMS), সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | সকল ডিজিটাল কার্যক্রমের মাধ্যমে দাপ্তরিক প্রশাসনিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা নিরুপন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও অগ্রগতি সম্ভব হচ্ছে । পাশাপাশি সেবার মানোন্নয়নের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন হচ্ছে। |
| ২. | আইবাস++, পে ফিক্সেশন ও অডিট ম্যানেজমেন্ট সিস্টেম | সকল ডিজিটাল কার্যক্রমের মাধ্যমে দাপ্তরিক প্রশাসনিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা নিরুপন, শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন অগ্রগতি সম্ভব হচ্ছে । পাশাপাশি সেবার মানোন্নয়নের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন হচ্ছে। |

চলমান পাতা-০৪

## ২। লাইব্রেরি শাখা





চিত্র: লাইব্রেরি শাখার উপস্থাপিত চিত্র।

| ক্রমিক নং | উদ্যোগের নাম | TVCQ পরিবীক্ষণ |
|---|---|---|
| ১. | লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম (https://library.bfa.gov.bd/) | লাইব্রেরিতে বিদ্যমান বই, চিত্রনাট্য ও পোস্টার সম্পর্কিত সংরক্ষণের এবং অবস্থানজনিত তথ্য জানা যাবে।<br>ফলে এ সম্পর্কিত সেবা প্রদানকারী ও গ্রহণকারীদের ভোগান্তি কমে গেছে। কারণ, সিস্টেমে সার্চ করে তথ্য প্রদানকারী অতি সহজেই বই, চিত্রনাট্য ও পোস্টার সম্পর্কিত তথ্য প্রদানে সক্ষম।<br><br>ফলে, সেবা প্রদানের মাধ্যমে সময়, ভিজিট , অর্থ সাশ্রয় এবং সেবা প্রদান কোয়ালিটির উন্নয়ন হয়েছে। |

| | | |
|---|---|---|
| ২. | ডিজিটাল বুকসেলফ (https://book.bfa.gov.bd/) | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রকাশনা ও জার্নাল রয়েছে। ইতোঃমধ্যে ৬৪ টি চলচ্চিত্র সংশ্লিষ্ট গ্রন্থ ও ১৯টি প্রকাশিত জার্নাল সম্বলিত একটি ওয়েব পোর্টাল করা হয়েছে ।<br>গ্রন্থ বা জার্নাল কিনতে ইচ্ছুকরা অনলাইনে অর্ডার প্রদান করে, অর্থ প্রাপ্তি প্রদান সাপেক্ষে কুরিয়ারে গ্রন্থ/জার্নাল প্রেরণ করা হয়।<br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রকাশনা ও জার্নাল সম্পর্কে বিশদ জানতে এবং অনলাইনের মাধ্যমে অর্ডার প্রদান সম্ভব। এছাড়া ডিজিটাল পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে , মূল্য প্রদান ও সম্ভব।<br><br>ফলে এ সম্পর্কিত সেবা গ্রহণকারীদের ভোগান্তি কমে গেছে এবং সময়, ভিজিট , অর্থ সাশ্রয় এবং কোয়ালিটির উন্নয়ন করছে। |

**৩। ফিল্ম শাখা**





চিত্র: ফিল্ম শাখার উপস্থাপিত চিত্র।

| ক্রমিক নং | উদ্যোগের নাম | TVCQ পরিবীক্ষণ |
|---|---|---|
| ১. | ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম (https://ofc.bfa.gov.bd/) | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত বিভিন্ন ফরমেট (ফিল্ম, সিডি/ডিভিডি, হার্ডড্রাইভ, পেনড্রাইভ, ভিএইচ) এর সংরক্ষিত ফিল্মের ডিজিটাল ডাটাবেজ এবং এর সংরক্ষণের স্থান সম্পর্কে তাৎক্ষনিক তথ্যের প্রয়োজন হয়। ১ম পর্যায়ে ২০১৭-২০১৮ অর্থবছরে ডিজিটাল ফিল্ম ম্যানেজম্যান্ট সিস্টেম সম্পন্ন করা হয়েছে। কিন্তু সময়ের প্রয়োজনে পরবর্তীতে সিস্টেম পরিমার্জন করে আর্ন্তজাতিক মানের ডিজিটাল ফিল্ম ম্যানেজম্যান্ট সিস্টেম-২য় পর্যায় বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে এবং তথ্য হালনাগাদকরণ করা হয়েছে। ফলে সেবা গ্রহণকারীদের সঠিক তথ্য প্রদান সহজতর হয়েছে। |
| ২. | হল ম্যানেজমেন্ট সিস্টেম (প্রস্তাবিত) | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী** হল ভাড়া প্রদান করা হয়। অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহারের শর্তাবলীসহ ভাড়া প্রদান প্রক্রিয়া সহজতর ও আধুনিক করার লক্ষ্যে হল ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করা হয়। |

চলমান পাতা-০৭

## ৪। কারিগরী শাখা




চিত্র: ফিল্ম শাখার উপস্থাপিত চিত্র।

| ক্রমিক নং | উদ্যোগের নাম | TVCQ পরিবীক্ষণ |
|---|---|---|
| ১. | মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের ডাটাবেজ (২০২৩-২৪ অর্থবছরে ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর আওতায় বাস্তবায়ণাধীন) | আব্দুল জব্বার খান-এঁর *মুখ ও মুখোশ (১৯৫৬)* এদেশে চলচ্চিত্র নির্মাণের সূচনা ঘটায়। এপর থেকেই এই অঞ্চলে বাস্তব ধারার চলচ্চিত্র বা সামাজিক চলচ্চিত্রের বিকাশ লাভ করে। প্রতিষ্ঠাকালীন সময় থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এই সকল চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামান্যচিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যদি সংরক্ষণে কাজ করে যাচ্ছে বর্তমানে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বিভিন্ন ফরমেটে চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামান্যচিত্র ও সংবাদচিত্র সংগ্রহের সংখ্যা ১০,৪২১ টি (জুন ২০২৩ পর্যন্ত)।<br><br>**২০২৩-২৪** অর্থবছরে একটি সেবা সহজীকরণের আওতায় 'বাংলাদেশের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের ডাটাবেজ' বাস্তবায়ন *উদ্যোগ গ্রহণ করেছে। মুখ ও মুখোশ (১৯৫৬)* থেকে অদ্যাবধি (২০২৩) পর্যন্ত মুক্তিপ্রাপ্ত |

| | | |
|---|---|---|
| | | চলচ্চিত্রের পুর্নাঙ্গ ডাটাবেজ প্রণয়ন পূর্বক সিস্টেম বাস্তবায়নে তথ্য সহায়তার জন্য বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা হবে। ফলে, নিম্নোক্তভাবে সেবার মানোন্নয়নের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন হবে:<br><br>'বাংলাদেশের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রের ডাটাবেজ' এর হালনাগাদকৃত প্রকৃত তথ্য সরকারি সাইট থেকে অনলাইনে প্রাপ্তি;<br>এই অনলাইন সেবা চালুর মাধ্যমে চলচ্চিত্র সংক্রান্ত তথ্য সেবা প্রত্যাশীদের তাদের প্রয়োজনীয় সেবা প্রাপ্তির জন্য দপ্তরে সশরীরে আসার প্রয়োজন নেই;<br>বিশেষ করে প্রবাসীদের সেবা প্রাপ্তিতে ও প্রয়োজনীয় তথ্যাদি জানা সহজতর হয়েছে;<br>কোন সেবার প্রয়োজনীয় সকল প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে, ফলে সেবা প্রদানের মান বৃদ্ধি পাবে এবং অর্থ ও সময় অবচয় রোধ হবে;<br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অন্যান্য অনলাইন সেবাসমূহের লিংক রয়েছে এই সাইটের হোম পেজে। ফলে, প্রয়োজনীয় অন্যান্য সেবা যথা- ফটোগ্যালারি, ডিজিটাল বুকসেলফ, লাইব্রেরির তথ্য জানা সহজতর হবে।<br>সেবা প্রত্যাশীদের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়কালীন ফিডব্যাক প্রদানের মাধ্যমে প্রত্যাশিত সেবা সর্ম্পকে অবগত করা হবে।<br>চলচ্চিত্র গবেষক, মিডিয়া, ছাত্র-ছাত্রীদের ও সাধারণের জন্য এ সংক্রান্ত তথ্যের ডাটাবেজ প্রস্তুত করা হবে। |

## ➢ একটি ইনোভেশন আইডিয়া শ্রেষ্ঠত্ব নির্বাচন

অনুষ্ঠানে দপ্তরের বিভিন্ন শাখা উপরোক্ত উদ্ভাবনী বিদ্যমান ও প্রস্তাবিত ধারণাসমুহ উপস্থাপন করেন। বিজ্ঞ বিচারকমন্ডলীর বিবেচনায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণা থেকে ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম (https://ofc.bfa.gov.bd/) উদ্যোগকে শ্রেষ্ঠ নির্বাচন করা হয়।

১. শিরোনাম :- ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম (https://ofc.bfa.gov.bd/)

২.সমস্যা:-ক. বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্রের সংখ্যা ও তালিকা না জানা;

খ. বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্রের তথ্য প্রদান;

গ. সেবা গ্রহণকারীর সশরীরে আগমন;

ঘ. দাপ্তরিক চেইন অনুযায়ী ডেস্কে পৌঁছান, যা সময়সাপেক্ষ।

৪.সমস্যার সমাধান:- ক. সংগৃহীত চলচ্চিত্রের তালিকা ও তথ্য ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে প্রাপ্তি

৫. সমস্যার সমাধানের মধ্যে উদ্ভাবন ছিল:-

ক. অনলাইনের (ওয়েবসাইট, বিএফএ পেজ, ফেসবুক) মাধ্যমে চাহিদা প্রদান ও তথ্য গ্রহন।

খ. ডিজিটাল পদ্ধতি অনুসরন করে সেবা প্রদান।

৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা:- উদ্ভাবনের পূর্বে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরন করা হতো:

(১) মহাপরিচালক বরাবর লিখিত আবেদন।

(২) 'তথ্য অধিকার সংক্রান্ত' ফরম পূরণ।

(৩) আবেদনকৃত চাহিদা ও ফরম পর্যবেক্ষণ।

(৪) সংশ্লিষ্ট শাখায় আবেদনকৃত চাহিদা ও ফরম প্রেরণ।

(৫) সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় তথ্য যাচাই ।

(৬) সংশ্লিষ্ট শাখা থেকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের অনুমোদন।

(৭) প্রয়োজনীয় তথ্য সরবরাহ।

৭. উদ্ভাবনটিতে শিক্ষনীয় রয়েছে:- (১) সেবা প্রদান প্রক্রিয়ার ধাপ সংখ্যা হ্রাস।

(২) সেবা গ্রহীতার উপস্থিতি (Visit) সংখ্যা হ্রাস পেয়েছে ।

(৩) TVCQ পরিবীক্ষণে সেবা সহজীকরণ করা হয়েছে।

অনুষ্ঠান সমাপনীতে শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারণা অর্জনকারী শাখা ও অংশগ্রহণকারী সকল শাখাকে পুরস্কৃত করা হয়।

**ফটোগ্যালারি:**




চিত্র: 'ইনোভেশন শোকেসিং-২০২৩' অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. জসীম উদ্দিন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান তথ্য অফিসার জনাব মো. শাহেনুর মিয়া, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক জনাব ফায়জুল হক, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব কাজী মোশতাক জহির, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্মসচিব মোসলেমা নাজনীন ও উপসচিব শারকে চামান খান।



চিত্র: 'ইনোভেশন শোকেসিং-২০২৩' অনুষ্ঠানে সঞ্চালনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক ফারহানা রহমান।

চলমান পাতা-১১




চিত্র: ফিল্ম শাখার উদ্ভাবনী ধারনা উপস্থাপনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম অফিসার মো. ফখরুল আলম ও সংশ্লিষ্টরা।




চিত্র: লাইব্রেরি শাখার উদ্ভাবনী ধারনা উপস্থাপনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সহকারী লাইব্রেরিয়ান মো. সবুজ মিয়া ও সংশ্লিষ্টরা।

চলমান পাতা-১২




চিত্র: হিসাব শাখার উদ্ভাবনী ধারনা উপস্থাপনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের হিসাবরক্ষণ কর্মকর্তা নাজমা বেগম ও সংশ্লিষ্টরা।




চিত্র: প্রশাসন শাখার উদ্ভাবনী ধারনা উপস্থাপনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রশাসন শাখার সাঁটলিপিকার কাম মুদ্রাক্ষরিক নুসরাত জেরীন।

চলমান পাতা-১৩




চিত্র: কারিগরী শাখার উদ্ভাবনী ধারনা উপস্থাপনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের উপসহকারী প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম গাজী ও সংশ্লিষ্টরা।




চিত্র: 'ইনোভেশন শোকেসিং-২০২৩' অনুষ্ঠানে শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারনা ঘোষনা করছেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মো. জসীম উদ্দিন।

চলমান পাতা-১৪




চিত্র: শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারনা 'ফিল্ম ম্যানেজমেন্ট সিস্টেম' নির্বাচিত হওয়ায় পুরস্কার গ্রহণ করছেন ফিল্ম শাখার ফিল্ম অফিসার মো.ফখরুল আলম ও সংশ্লিষ্টরা।




চিত্র: শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারনা পুরস্কার স্বরূপ ক্রেস্ট

চলমান পাতা-১৫




চিত্র: অংশগ্রহণকারী স্বরূপ শুভেচ্ছা পুরস্কার গ্রহণ করছেন কারিগরী শাখার সংশ্লিষ্টরা।




চিত্র: অংশগ্রহণকারী স্বরূপ শুভেচ্ছা পুরস্কার গ্রহণ করছেন লাইব্রেরি শাখার সংশ্লিষ্টরা।

চলমান পাতা-১৬




চিত্র: অংশগ্রহণকারী স্বরূপ শুভেচ্ছা পুরস্কার গ্রহণ করছেন প্রশাসন ও হিসাব শাখার সংশ্লিষ্টরা।




--------------------

স্মিতা বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফারহানা রহমান
পরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার